



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের স্নাতক (সম্মান) ১ম বর্ষের (ইউনিট-এ) পরীক্ষা
অনুষ্ঠিত



২৭ এপ্রিল ২০২৪-শনিবার বেলা ১২টায় GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষ সমন্বিত ভর্তি পরীক্ষায় ইউনিট-A (বিজ্ঞান শাখা) এর পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রে পরীক্ষা চলাকালীন সময়ে উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি বিভিন্ন হল পরিদর্শন করেন।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শাহজাহান, প্রক্টর অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



আজকের GST গুচ্ছভুক্ত ইউনিট-A (বিজ্ঞান শাখা) এর ভর্তি পরীক্ষায় সারা দেশে মোট ১ লক্ষ ৭০ হাজার ৫৯৯ জন শিক্ষার্থীর আসন বিন্যাস করা হয়েছে। জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্র ও এর আওতায় থাকা উপকেন্দ্রগুলোতে (ঢাকা বিশ্ববিদ্যালয়, সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, সরকারী বাংলা কলেজ, ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ এবং বেগম বদরুন্নেসা সরকারী মহিলা কলেজ) ৫৩ হাজার ৮১৫ জন পরীক্ষার্থীর আসন বিন্যাস করা হয়। শুধুমাত্র জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রে ১২,৫৭৯ জন পরীক্ষার্থীর আসন বিন্যাস করা হয়।